# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**08 MAY 2025** **7:45—7:55 PM IST**

==================================================

১) পাকিস্তানে সন্ত্রাসবাদীর ঘাটিতে চালানো আক্রমণ সুনির্দিষ্ট ছিল তবে পাকিস্তানের যেকোনো আক্রমণকে ভারত কঠোরভাবে প্রত্যুত্তর দেবে বলে বৈদেশিক সচিবের ঘোষণা।

২) সন্ত্রাসবাদের বিরুদ্ধে উচিত প্রত্যুত্তর দেওয়ার ক্ষেত্রে নতুন দিল্লিতে অনুষ্ঠিত সর্বদলীয় বৈঠকে সব রাজনৈতিক দলের নেতাদের একযোগে সমর্থন।

৩) কৃষি ক্ষেত্রে অত্যাধুনিক প্রযুক্তির ব্যবহার এবং নতুন বীজ বৈচিত্র সম্পর্কে কৃষকদের মধ্যে সচেতনতা বৃদ্ধি করতে সমগ্র দেশজুড়ে আগামী ২৯ মে থেকে ১২ ই জুন পর্যন্ত বিকশিত কৃষি সংকল্প অভিযান শুরু।

এবং

৪) পঞ্চায়েত নির্বাচনে আগামী ১১ ই মে অনুষ্ঠেয় ভোটগণনার জন্য বিভিন্ন জেলা প্রশাসনের ব্যাপক প্রস্তুতি।

---

পেহেলগাম আক্রমণের প্রত্যুত্তর হিসেবে শুধুমাত্র পাকিস্তানের সন্ত্রাসবাদী ঘাটিতে আক্রমণ চালিয়ে ভারত সিন্দুর অভিযান আরম্ভ করলেও পাকিস্তানের প্রত্যাঘাতের উচিত জবাব দিতে ভারত এই অভিযান অব্যাহত রাখবে । প্রতিরক্ষা ও বৈদেশিক পরিক্রমা মন্ত্রণালয় আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে বিদেশ সচিব বিক্রম মিশ্রী একথা জানান । বিদেশ সচিব বলেন যে ভারতের সংযতভাবে চালানো এই আক্রমণে কোনো অসামরিক বা সামরিক ঘাঁটিকে লক্ষ্য করা হয়নি । কিন্তু পাকিস্তান জম্মু-

কাশ্মীরের নিয়ন্ত্রণ রেখায় ১৬ জন নিরীহ ভারতীয়ের ওপর আক্রমণ চালানোয় সবাই প্রাণ হারায় । এর জবাবে ভারত পাকিস্তানের লাহোরে থাকা প্রতিরক্ষা পরিকাঠামোর ওপর আক্রমণ করে ধ্বংস করেছে বলে বিদেশ সচিব উল্লেখ করেন ।কোনো সন্ত্রাসবাদী দেশে নেই বলে পাকিস্তানের দীর্ঘদিন করা দাবী নস্যাত করে সীমান্তে পাকিস্তান ধারাবাহিকভাবে যুদ্ধবিরতি লংঘন করে আসছে বলেও তিনি উল্লেখ করেন ।এছাড়া পাকিস্তানের নীলম ও ঝেলাম প্রকল্পে ভারত আক্রমণ করেছে বলে উত্থাপিত অভিযোগ সম্পূর্ন মিথ্যা ও ভিত্তিহীন বলে শ্রী মিশ্রী জানান । তিনি বলেন যে ভারত ধৈর্য্য ও সহনশীলতার মাধ্যমে ৬৫ বছর ধরে সিন্ধু জল চুক্তি মেনে নিলেও পাকিস্তানের বর্বর কার্যকলাপের পরিপ্রেক্ষিতে এই চুক্তি ভেঙে দিতে ভারত করতে বাধ্য হয়েছে ।সমগ্র বিশ্বের সব ধর্মের লোক এই আক্রমণের নিন্দা করছে বলেও তিনি উল্লেখ করেন । এই সাংবাদিক সম্মেলনে কর্ণেল সুফিয়া কুরেশী এবং উইং কমান্ডার ব্যোমিকা সিং ভারতের সুরক্ষা বাহিনীর পাকিস্তানকে দেওয়া যোগ্য জবাব সম্পর্কে অবগত করান ।

-----------------------------------------------------------------------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ বিভিন্ন মন্ত্রণালয় ও বিভাগের সচিবদের সংগে জাতীয় সুরক্ষার জন্য গ্রহণ করা প্রস্তুতি ও আন্ত:মন্ত্রনালয়ের সহযোগীতার পর্যালোচনা সম্পর্কে এক উচ্চ পর্যায়ের বৈঠকে মিলিত হন । শ্রী মোদী সাম্প্রতিক পরিস্থিতির সংগে মোকাবিলা করার জন্য মন্ত্রনালয়ের প্রস্তুতি ও পরিকল্পনার খোজ নেন । বৈঠকে অসামরিক প্রতিরক্ষা ব্যবস্থা শক্তিশালী করা , ভুল তথ্য বা ভূয়ো খবর প্রচার না করা , গুরুত্বপূর্ন পরিকাঠামোর নিরাপত্তা সুনিশ্চিত করা ইত্যাদি বিষয়ে আলোচনা করা হয় ।সব মন্ত্রনালয়কে রাজ্য কতৃপক্ষ  তথা তৃণমূল পর্যায়ের প্রতিষ্ঠানের সংগে নিরন্তর যোগাযোগ রেখে চলতে আহ্বান জানানো হয় । প্রধানমন্ত্রী শ্রী মোদী দেশের এই গুরুত্বপূর্ন সময়ে সকলকে সতর্ক হয়ে থাকা সহ বিভিন্ন বিষয়ে যোগাযোগ যাতে স্পষ্ট থাকে সেজন্য সকলের প্রতি আহ্বান জানিয়েছন ।

-----------------------------------------------------------------------------------

সন্ত্রাসবাদের বিরুদ্ধে উচিত প্রত্তুত্তর দেওয়ার জন্য ভারতীয় সশস্ত্র বাহিনীর বীরত্বকে সব রাজনৈতিক দলের নেতারা প্রশংসা করেছেন । অপারেশন সিন্দুর সম্পর্কে আজ নতুনদিল্লীর সংসদ ভবনে অনুষ্ঠিত সর্বদলীয় বৈঠকে রাজনৈতিক দলের নেতারা এই অভিযানের প্রতি একযোগে সমর্থন জানিয়েছেন । প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং এর পৌরহিত্যে এই বৈঠকে বেশকয়েকটি রাজনৈতিক দলের নেতারা অংশ গ্রহণ করেন । শ্রী সিং এসম্পর্কে আরো বলেন,

বাইট---

বৈঠকের পর সংসদীয় পরিক্রমা মন্ত্রী কিরেন রিজিজু সাংবাদিকদের বলেন যে এই বৈঠক গঠনমূলক ছিল ও সম্প্রতি সম্মুখীন হোয়া প্রত্যাহ্বানের প্রতি প্রত্যেক নেতা অতি পরিপক্কভাবে তাদের মতামত ব্যক্ত করেছেন । দেশের এই গুরুত্বপূর্ন সময়ে রাজনীতির কোনো স্থান নেই বলে বিভিন্ন দলের নেতারা মত প্রকাশ করেন । কংগ্রেসের সভাপতি মল্লিকাজুন খাড়গে , লোকসভার বিরোধী দলনেতা রাহুল গান্ধী সরকারের প্রতি পূর্ন সমর্থন জানিয়েছেন ।বৈঠকে কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ , বৈদেশিক পরিক্রমা মন্ত্রী ড: এস জয়শংকর , বিজেপির জাতীয় সভাপতি জে পি নাড্ডা , তৃণমূল কংগ্রেসের নেতা সুদীপ বন্দোপাধ্যায় , ডি এম কে নেতা টি আর বালু , এন সি পি নেতা সুপ্রিয়া সুলে প্রমুখ উপস্থিত ছিলেন ।

--------------------------------------------------------------------------------

সেনাবাহিনী পাকিস্তানে থাকা সন্ত্রাসবাদীর ঘাটির ওপর চালানো অপারেশন সিন্দুর ভারতীয় সেনাবাহিনী ও স্থলসেনা বাহিনীর বৃত্তিগত উৎকৃষ্টতার নিদর্শন বলে অবসরপ্রাপ্ত উইং কমান্ডার জগদীশ ভট্টাচার্য মত প্রকাশ করেছেন । আকাশবানীর সংবদদাতা রাজীব লোচন বরঠাকুরের সংগে কথাবলার সময় ১৯৭১ সালের ভারত - পাক যুদ্ধের অন্যতম উইং কমান্ডার শ্রী ভট্টাচার্য বলেন যে পাকিস্তানের আভ্যন্তরে নির্দিষ্ট লক্ষে সম্পূর্ন সঠিকভাবে আক্রমন চালানো হয়েছিল ও এই লক্ষ্য পূরণে ভারত সফল হয়েছে ।

তিনি বলেন

বাইট

--------------------------------------------------------------------------------

জাতীয় নিরাপত্তা উপদেষ্টা অজিত দোভাল আজ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর সঙ্গে তাঁর নতুন দিল্লীর বাসভবনে সাক্ষাৎ করেন । ভারত পাকিস্তান ও জম্মু কাশ্মীরের পাক-অধিকৃত এলাকায় থাকা সন্ত্রাসবাদী ঘাটিতে আক্রমণ চালানোর একদিন পর তাঁদের মধ্যে এই বৈঠক অনুষ্ঠিত হয়েছে । এর আগে গতকাল শ্রী দোভাল পেহেলগামের সন্ত্রাসবাদী আক্রমণের পরিপ্রেক্ষিতে সন্ত্রাসবাদীর পরিকাঠামো ধ্বংস করার জন্য ভারতের গ্রহণ করা কার্যব্যবস্থার বিষয়ে বিভিন্ন দেশের নিরাপত্তা উপদেষ্টাদের অবগত করেছিলেন । জাতীয় নিরাপত্তা উপদেষ্টা আরো জানান যে এই অভিযান বন্ধ করার ক্ষেত্রে

ভারতের কোনো আগ্রহ নেই তবে পাকিস্তান পরিস্থিতি নিয়ন্ত্রণ করতে চাইলে নতুন দিল্লী প্রস্তুত রয়েছে ।

-----------------------------------------------------------------------------------------

কৃষি ক্ষেত্রে অত্যাধুনিক প্রযুক্তির ব্যবহার এবং নতুন বীজ বৈচিত্র সম্পর্কে কৃষকদের মধ্যে সচেতনতা বৃদ্ধি করতে সমগ্র দেশজুড়ে আগামী ২৯শে মে থেকে ১২ই জুন পর্য্যন্ত বিকশিত কৃষি সংকল্প অভিযান শুরু করা হবে । কেন্দ্রীয় কৃষিমন্ত্রী শিবরাজ সিং চৌহান আজ নতুন দিল্লীতে আয়োজিত কৃষি খারিফ অভিযান-২০২৫ এর জাতীয় সম্মেলনে বক্তব্য রাখতে গিয়ে একথা বলেন । কৃষিমন্ত্রী শ্রী চৌহান জানান যে ১৫ দিনের এই অভিযানে দেশের সাতশটি জেলাকে অর্ন্তভুক্ত করা হবে যার ফলে দেশের প্রায় দেড় কোটী কৃষকের কাছে পৌছানো যাবে । এই অভিযানে প্রতিদিন দেশের কৃষি বিজ্ঞানী , বিশেষজ্ঞ , আধিকারীকরা ১০ থেকে ১২ লক্ষ কৃষকের কাছে অত্যাধুনিক কৃষি পদ্ধতি সম্পর্কে অবগত করাবেন বলে মন্ত্রী শ্রী চৌহান জানান ।

-----------------------------------------------------------------------------------------

পঞ্চায়েত নির্বাচনের আগামী ১১ মে অনুষ্ঠেয় ভোটগণনার জন্য বিভিন্ন জেলা প্রশাসন ব্যাপক প্রস্তুতি চালাচ্ছে । জেলা গুলিতে ভোটগণনা সুষ্ঠুভাবে সম্পন্ন করতে এই প্রক্রিয়ায় নিয়োজিত মাইক্রো অবজারভার ,কাউন্টিং সুপারভাইজার ও সহযোগীদের প্রশিক্ষণ অনুষ্ঠিত হচ্ছে । ভোটগণণা স্বচ্ছ ও শান্তিপূর্নভাবে সম্পন্ন করতে রাজনৈতিক দল ও প্রার্থীদের পালন করা কর্তব্য সম্পর্কেও প্রস্তুতি সভাগুলিতে আলোচনা করা হচ্ছে ।

-----------------------------------------------------------------------------------------

হাইলাকান্দির এস এস কলেজে আগামী ১১ই মে ৮টি হলে পঞ্চায়েত নির্বাচনের ভোট গননা করা হবে । গতকাল জেলা আয়ুক্ত নির্সাগ হিভারে গৌতমের পৌরহিত্যে আয়োজিত সভায় জানানো হয় যে ভোট গণনা কেন্দ্রে মোবাইল ফোন , কমপিউটার , ল্যাপটপ সহ কোন ধরনের ইলেকট্রনিক সামগ্রী নিয়ে প্রবেশ করা যাবে না । সকাল সাতটায় স্ট্রং রুম খোলা হবে এবং সকাল ৮টা থেকে ভোট গননা শুরু হবে । সি সি টিভির মাধ্যমে ভোট গণণা প্রক্রিয়াটি ভিডিও গ্রাফি করা হবে বলে জেলা আয়ুক্ত জানিয়েছেন । সভায় দুই নির্বাচনী পর্য্যাবেক্ষক পারভেজ আমিন ও প্রশান্ত কুমার বরকাকতি উপস্থিত ছিলেন ।

-----------------------------------------------------------------------------------------

আসাম আরবান ওয়াটার সাপ্লাই ও সুয়ারেজ বোর্ডের বরাক ভ্যালী ডিভিশনের পক্ষ থেকে এক প্রেস বিজ্ঞপ্তীতে জানানো হয়েছে যে আগামীকাল শিলচর জল সরবরাহের

অম্রুত প্রকল্পের জোন-১১-র কার্য্য ক্ষমতার পরীক্ষামূলক প্রস্তুতি  করা হবে । এই জোনের অধীনে শিলচর ন্যাশনেল হাইওয়ে , হাইলাকান্দি রোড , বিবেকানন্দ রোড , চেংকুড়ি , দাস কলোনী , রামকৃষ্ণ মিশন রোড এবং শিব কলোনী রয়েছে । বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে যে এই পরীক্ষা মূলক প্রস্তুতির সময় প্রকল্পের কোন কোন পয়েন্ট থেকে জল বের হওয়ার সম্ভাবনা রয়েছে । এক্ষেত্রে জনসাধারনকে সর্তক থাকতে অনুরোধ করা হয়েছে ।

--------------------------------------------------------------------------------

কাছাড়ের অতিরিক্ত জেলা আয়ুক্ত এক বিজ্ঞপ্তীতে জানিয়েছেন যে পঞ্চায়েত নির্বাচনে দায়িত্ব পালন করা এবং রির্জাভ থেকে অব্যাহতি পাওয়া যেসব ভোট কর্মী পারিশ্রমিক গ্রহন করেন নি , তারা আগামী ১৫ই মে কাছারের ট্রেজারী অফিস থেকে তাদের পারিশ্রমিক সংগ্রহ করতে পারবেন । পারিশ্রমিক প্রাপ্তির জন্য ভোট কর্মীর নিযুক্তি পত্র এবং প্রশিক্ষন গ্রহনের নির্দেশের মূল কপি আনতে হবে ।

--------------------------------------------------------------------------------